রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**সোমবার, ফেব্রুয়ারি ১৪, ২০২২**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রতিরক্ষা মন্ত্রণালয়**
মিলিটারি ইঞ্জিনিয়ার সার্ভিসেস (এমইএস)

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩০ মাঘ, ১৪২৮ বঙ্গাব্দ/১৩ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিষ্টাব্দ

**এস, আর, ও, নং ৩৫-আইন/২০২২।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা:—

১। **শিরোনাম**।—এই বিধিমালা মিলিটারি ইঞ্জিনিয়ার সার্ভিসেস (এমইএস) এর সিভিলিয়ান কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২২ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) **‘কমিশন’** অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) **‘তফসিল’** অর্থ এই বিধিমালার কোনো তফসিল;

(গ) **‘নিয়োগকারী কর্তৃপক্ষ’** অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মচারী;

(ঘ) **‘পদ’** অর্থ তফসিলে উল্লিখিত কোনো পদ;

(ঙ) **‘প্রয়োজনীয় যোগ্যতা’** অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(চ) **‘শিক্ষানবিশ’** অর্থ কোনো পদে শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোনো ব্যক্তি;

(ছ) **‘সিজিপিএ’** অর্থ Cumulative Grade Point Average (CGPA); এবং


**মূল্য** : টাকা ২৪.০০

(জ) **'স্বীকৃত বিশ্ববিদ্যালয়'** বা **'স্বীকৃত বোর্ড'** বা **'স্বীকৃত ইনস্টিটিউট'** বা **'স্বীকৃত প্রতিষ্ঠান'** অর্থ আপাতত বলবৎ কোনো আইনের দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোনো বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান এবং এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে, সরকার কর্তৃক, স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোনো বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান।

৩। **নিয়োগ পদ্ধতি**।—(১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলি এবং তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে কোনো পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা যাইবে, যথা:—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) পদায়ন/প্রেষণের মাধ্যমে।

(২) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগ করা হইবে না, যদি না তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ**।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোনো পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোনো পদে সরাসরি নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; এবং

(খ) এমন কোনো ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোনো পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক মনোনীত কোনো মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোনো দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোনো ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হয় বা তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

(৫) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি চাকরি বা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকাকালীন স্বীয় উর্ধ্বতন কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

(৬) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আবেদন করিয়া কোনো ব্যক্তি নিয়োগপ্রাপ্ত হইলে উক্ত নিয়োগ নব নিয়োগ হিসাবে গণ্য হইবে এবং তাহার পূর্ব চাকরিকাল শুধু পেনশন ও বেতন সংরক্ষণের জন্য গণনাযোগ্য হইবে এবং জ্যেষ্ঠতা বা অন্য কোনো আর্থিক সুবিধাদির জন্য উক্ত কর্মকাল গণনাযোগ্য হইবে না।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ**।—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, কমিশনের আওতাভুক্ত কোনো পদে কমিশনের সুপারিশ ব্যতিরেকে কোনো ব্যক্তিকে পদোন্নতি প্রদান করা যাইবে না।

(২) যদি কোনো ব্যক্তির চাকরির বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

(৩) অস্থায়ী কোনো পদে অস্থায়ীভাবে পদোন্নতি প্রদান করা যাইবে, তবে সংশ্লিষ্ট পদ যে তারিখে স্থায়ী হইবে সেই তারিখ হইতে উক্ত ব্যক্তির পদোন্নতি স্থায়ী হইবে।

৬। **শিক্ষানবিশি**।—(১) কোনো স্থায়ী শূন্য পদের বিপরীতে কোনো পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশি হিসাবে সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য এবং পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য নিয়োগ করা হইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিশির মেয়াদ এক বা একাধিকবার এইরূপে বৃদ্ধি করিতে পারিবে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যেইক্ষেত্রে কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদ চলাকালীন নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করে যে, তাহার কর্ম ও আচরণ সন্তোষজনক নহে অথবা তাহার কর্মদক্ষ হইবার সম্ভাবনা নাই, সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিশের চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিশির মেয়াদকালীন কোনো শিক্ষানবিশের কর্ম ও আচরণ সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকরিতে স্থায়ী করিবে; এবং

(খ) যদি মনে করে যে, উক্ত মেয়াদকালীন শিক্ষানবিশের কর্ম ও আচরণ সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোনো শিক্ষানবিশকে কোনো নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারি আদেশক্রমে, সময় সময়, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হইবে, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন:

তবে শর্ত থাকে যে, ৫০ (পঞ্চাশ) বৎসর উত্তীর্ণ কর্মচারীকে তফসিলে বর্ণিত পদের শিক্ষানবিশকাল শেষ হইবার ১ (এক) বৎসরের মধ্যে স্থায়ী হইবার ক্ষেত্রে বর্ণিত পরীক্ষা বা প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে না।

(৫) অস্থায়ীভাবে সৃজিত পদে অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি শিক্ষানবিশ হিসাবে গণ্য হইবেন, তবে অস্থায়ী পদ যেই তারিখে স্থায়ী হইবে সেই তারিখ হইতে উক্ত ব্যক্তির চাকরি স্থায়ী হইবে।

৭। **বিশেষ বিধান।**—তফসিল-১ এ উল্লিখিত কোনো পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনে কোনো ভগ্নাংশ আসিলে উভয় প্রকার কোটার ভগ্নাংশ পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত করিতে হইবে।

৮। **রহিতকরণ ও হেফাজত।**— (১) এই বিধিমালা কার্যকর হইবার সঙ্গে সঙ্গে—

(ক) Provisional Recruitment Rules for the Non-Gazetted (Civilian) Class II and Class III Posts in the lower formation of the Army (Special Army Order No. 6 of 1965, তারিখ ১৯ মার্চ, ১৯৬৫) এর Appendix 'A' এর Column 1 এর 'Military Engineer Service' সংশ্লিষ্ট Serial No. 225 হইতে 245 ও উহাদের বিপরীতে Column 2, 3, 4, 5, 6, 7 ও 8 এ উল্লিখিত এন্ট্রিসমূহ রহিত হইবে; এবং

(খ) Recruitment Rules, 1981 for Civilian Non-Gazetted Class II, III and IV Posts in the lower formation of the Army (Special Bangladesh Army Order No. 05 of 1981, তারিখ ২১ জুলাই, ১৯৮১) এর Appendix 'A' এর Column 1 এর Serial No. 1, 2, 3, 6, 16, 26, 27, 28, 29, 30, 41, 76, 87, 121, 125, 126, 128, 135 ও 136 এবং উহাদের বিপরীতে Column 2, 3, 4, 5, 6, 7, 8 ও 9 এ উল্লিখিত এন্ট্রিসমূহ রহিত হইবে।

(২) সিভিল আপিল নং ৪৮/২০১১ এ সুপ্রীম কোর্টের আপিল বিভাগ কর্তৃক প্রদত্ত রায়ে সামরিক আইনকে অসাংবিধানিক ঘোষণাপূর্বক উহার বৈধতা প্রদানকারী সংবিধান (সপ্তম সংশোধন) আইন, ১৯৮৬ (১৯৮৬ সনের ১ নং আইন) বাতিল ঘোষিত হওয়ায় ১০ জুন, ১৯৮২ সনে Notification No, 2 Sha-1/82/D-12/446 মূলে জারীকৃত Special Bangladesh Army Order (SBAO, 1982) দ্বারা অনুমোদিত (approved) Recruitment Rules for Civilian Gazetted Posts (Class I and Class II) in the lower formation of the Army বিলুপ্ত হইয়াছে।

(৩) উক্তরূপ রহিতকরণ ও বিলুপ্তি সত্ত্বেও, উপ-বিধি (১) এ উল্লিখিত Serial No. ও Column-সমূহ এবং উপ-বিধি (২) এ উল্লিখিত Recruitment Rules এ বর্ণিত বিধানের অধীন—

(ক) কোনো পদে প্রাপ্ত নিয়োগ এবং উহার ধারাবাহিকতায় প্রাপ্ত প্রশিক্ষণ, শিক্ষানবিশিসহ চাকরিতে স্থায়ীকরণ, পদোন্নতি ও অর্জিত অধিকারসমূহ এইরূপভাবে চলমান থাকিবে যেন উহা এই বিধিমালার অধীন প্রাপ্ত ও অর্জিত হইয়াছে;

(খ) জারীকৃত আদেশ, প্রদত্ত নির্দেশ ও কৃত কার্য এই বিধিমালার অধীন জারীকৃত, প্রদত্ত ও কৃত হইয়াছে বলিয়া গণ্য হইবে; এবং

(গ) গৃহীত কোনো কার্যধারা অনিষ্পন্ন থাকিলে উহা এই বিধিমালার অধীন নিষ্পত্তি করিতে হইবে।

তফসিল-১

[ বিধি ২(খ) দ্রষ্টব্য ]

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১ | প্রধান প্রকৌশলী/ পূর্ত পরিচালক/পূর্ত পরিচালক ও প্রধান প্রকৌশলী | - | (ক) মোট পদের শতকরা ২৫ (পঁচিশ) ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের শতকরা ৭৫ (পঁচাত্তর) ভাগ পদ পদায়ন/প্রেষণের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) তত্ত্বাবধায়ক প্রকৌশলী পদে ৩ (তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) বিএসসি ইঞ্জিনিয়ারিং বিষয়ে ডিগ্রি।<br>**পদায়ন/প্রেষণের ক্ষেত্রে:**<br>বাংলাদেশ সেনাবাহিনীর কোর অব ইঞ্জিনিয়ার্স এর বিএসসি ইঞ্জিনিয়ারিং বিষয়ে ডিগ্রি সম্পন্ন ব্রিগেডিয়ার জেনারেল বা কর্নেল পদবির কর্মকর্তা। |
| ২ | তত্ত্বাবধায়ক প্রকৌশলী | - | (ক) মোট পদের শতকরা ৫০ (পঞ্চাশ) ভাগ পদ পদোন্নতির মাধ্যমে<br>[উক্ত ৫০ (পঞ্চাশ) ভাগ পদের শতকরা ৭৫(পঁচাত্তর) ভাগ পদ নির্বাহী প্রকৌশলী বি/আর পদ হইতে এবং শতকরা ২৫ (পঁচিশ) ভাগ পদ নির্বাহী প্রকৌশলী ই/এম পদ হইতে]; এবং<br>(খ) মোট পদের শতকরা ৫০ (পঞ্চাশ) ভাগ পদ পদায়ন/প্রেষণের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>নির্বাহী প্রকৌশলী বি/আর অথবা নির্বাহী প্রকৌশলী ই/এম পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরিসহ ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের পদে অন্যূন ১৪ (চৌদ্দ) বৎসরের চাকরি।<br>**পদায়ন/প্রেষণের ক্ষেত্রে:**<br>বাংলাদেশ সেনাবাহিনীর কোর অব ইঞ্জিনিয়ার্স এর বিএসসি ইঞ্জিনিয়ারিং বিষয়ে ডিগ্রি সম্পন্ন লেফটেন্যান্ট কর্নেল পদবির কর্মকর্তা। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৩ | নির্বাহী প্রকৌশলী বি/আর | - | (ক) মোট পদের শতকরা ৫০ (পঞ্চাশ) ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের শতকরা ৫০ (পঞ্চাশ) ভাগ পদ পদায়ন/প্রেষণের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>সহকারী নির্বাহী প্রকৌশলী বি/আর পদে৪ (চার) বৎসরের চাকরিসহ ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরি।<br>**পদায়ন/প্রেষণের ক্ষেত্রে:**<br>বাংলাদেশ সেনাবাহিনীর কোর অব ইঞ্জিনিয়ার্স এর বিএসসি ইঞ্জিনিয়ারিং বিষয়ে ডিগ্রি সম্পন্ন মেজর পদবির কর্মকর্তা। |
| ৪ | নির্বাহী প্রকৌশলী ই/এম | - | পদোন্নতির মাধ্যমে। | সহকারী নির্বাহী প্রকৌশলী ই/এম পদে অন্যূন ৪ (চার) বৎসরের চাকরিসহ ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরি। |
| ৫ | নির্বাহী প্রকৌশলী আর্ক | - | পদোন্নতির মাধ্যমে। | সহকারী নির্বাহী প্রকৌশলী আর্ক পদে ৪ (চার) বৎসরের চাকরিসহ ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরি। |
| ৬ | নির্বাহী প্রকৌশলী এসও-২ (এসএও) | - | পদোন্নতির মাধ্যমে। | সহকারী নির্বাহী প্রকৌশলী বি/আর বা সহকারী নির্বাহী প্রকৌশলী ই/এম পদে অন্যূন ৪ (চার) বৎসরের চাকরিসহ ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরি। |
| ৭ | ঊর্ধ্বতন প্রশাসনিক কর্মকর্তা | - | পদোন্নতির মাধ্যমে। | প্রশাসনিক কর্মকর্তা পদে ৪ (চার) বৎসর বা প্রশাসনিক কর্মকর্তা পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরিসহ সাকুল্যে ১২ (বার) বৎসরের চাকরি। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৮ | সহকারী নির্বাহী প্রকৌশলী বি/আর | - | (ক) মোট পদের শতকরা ৭৫ (পঁচাত্তর) ভাগ পদ কর্মচারীদের মধ্য হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে পদায়নের মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের শতকরা ২৫ (পঁচিশ) ভাগ পদ সেনাবাহিনীর সদস্যদের মধ্য হইতে পদায়ন/ প্রেষণের মাধ্যমে। | (ক) সহকারী প্রকৌশলী বি/আর পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি;এবং<br>(খ) বাংলাদেশ সেনাবাহিনীর কোর অব ইঞ্জিনিয়ার্স এর বিএসসি ইঞ্জিনিয়ারিং বিষয়ে ডিগ্রি সম্পন্ন ক্যাপ্টেন পদবির কর্মকর্তা। |
| ৯ | সহকারী নির্বাহী প্রকৌশলী ই/এম | - | জ্যেষ্ঠতার ভিত্তিতে পদায়নের মাধ্যমে। | সহকারী প্রকৌশলী ই/এম পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ১০ | সহকারী নির্বাহী প্রকৌশলী স্ট্রাক | - | জ্যেষ্ঠতার ভিত্তিতে পদায়নের মাধ্যমে। | সহকারী প্রকৌশলী বি/আর পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ১১ | সহকারী নির্বাহী প্রকৌশলী আর্ক | - | জ্যেষ্ঠতার ভিত্তিতে পদায়নের মাধ্যমে। | সহকারী প্রকৌশলী আর্ক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ১২ | সহকারী প্রকৌশলী বি/আর | ৩০ বৎসর | (ক) মোট পদের শতকরা ৩৩ (তেত্রিশ) ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের শতকরা ৬৭ (সাতষট্টি) ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>সিনিয়র উপ-সহকারী প্রকৌশলী বি/আর পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশল বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতকবাসমমানেরডিগ্রিঅথবা পুরকৌশল বিষয়ে এসোসিয়েট মেম্বারশিপ অব দি ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ার্স (এএমআইই) এর পার্ট ‘এ’ ও ‘বি’ পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) ইঞ্জিনিয়ার ইনস্টিটিউটিশন, বাংলাদেশ (আইইবি) এর নিবন্ধিত সদস্য হইতে হইবে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১৩ | সহকারী প্রকৌশলী ই/এম | ৩০ বৎসর | (ক) মোট পদের শতকরা ৩৩ (তেত্রিশ) ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের শতকরা ৬৭ (সাতষট্টি) ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>সিনিয়র উপ-সহকারী প্রকৌশলী ই/এম পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স বা মেকানিক্যাল বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি অথবা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স বা মেকানিক্যাল বিষয়ে এসোসিয়েট মেম্বারশিপ অব দি ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ার্স (এএমআইই) এর পার্ট 'এ' ও 'বি' পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) ইঞ্জিনিয়ার ইনস্টিটিউটিশন, বাংলাদেশ (আইইবি) এর নিবন্ধিত সদস্য হইতে হইবে। |
| ১৪ | সহকারী প্রকৌশলী আর্ক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ৫ (পাঁচ) বৎসর মেয়াদি আর্কিটেকচার বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) অটোক্যাড চালনাসহ 3D অঙ্কনে এবং এনিমেশন প্রেজেন্টেশন এর অভিজ্ঞতা। |
| ১৫ | প্রশাসনিক কর্মকর্তা | ৩০ বৎসর | (ক) মোট পদের শতকরা ৬৭ (সাতষট্টি) ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের শতকরা ৩৩ (তেত্রিশ) ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>সুপারিনটেনডেন্ট পদে ৭ (সাত) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা স্নাতকত্তোর ডিগ্রি। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১৬ | সহকারী প্রকৌশলী এফ/এস | - | পদোন্নতির মাধ্যমে। | (ক) সুপারভাইজার এফ/এস গ্রেড-১ পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি; এবং<br>(খ) বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৭ | সিনিয়র উপ-সহকারী প্রকৌশলী বি/আর | - | জ্যেষ্ঠতার ভিত্তিতে পদায়নের মাধ্যমে। | উপ-সহকারী প্রকৌশলী বি/আর বা স্যাম্পল কালেক্টর অথবা ল্যাবরেটরি টেকনিশিয়ান পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ১৮ | সিনিয়র উপ-সহকারী প্রকৌশলী ই/এম | - | জ্যেষ্ঠতার ভিত্তিতে পদায়নের মাধ্যমে। | উপ-সহকারী প্রকৌশলী ই/এম পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ১৯ | উপ-সহকারী প্রকৌশলী বি/আর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ৪ (চার) বৎসর মেয়াদি সিভিল ইঞ্জিনিয়ারিং বিষয়ে ডিপ্লোমা। |
| ২০ | উপ-সহকারী প্রকৌশলী ই/এম | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ৪ (চার) বৎসর মেয়াদি ইলেকট্রিক্যাল বা ইলেকট্রোনিক্স বা মেকানিক্যাল বা পাওয়ার ইঞ্জিনিয়ারিং বিষয়ে ডিপ্লোমা। |
| ২১ | সুপারিনটেনডেন্ট | - | পদোন্নতির মাধ্যমে। | (ক) হেড এ্যাসিসটেন্ট পদে ৬ (ছয়) বৎসরের চাকরি; এবং<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ২২ | স্যাম্পল কালেক্টর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ৪ (চার) বৎসর মেয়াদি সিভিল ইঞ্জিনিয়ারিং বিষয়ে ডিপ্লোমা। |
| ২৩ | ল্যাবরেটরি টেকনিশিয়ান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ৪ (চার) বৎসর মেয়াদি সিভিল ইঞ্জিনিয়ারিং বিষয়ে ডিপ্লোমা। |
| ২৪ | হেড ড্রাফটসম্যান | - | পদোন্নতির মাধ্যমে। | ড্রাফটসম্যান ক্লাস ‘এ’ পদে ৪ (চার) বৎসরের চাকরি। |
| ২৫ | ড্রাফটসম্যান ক্লাস ‘এ’ | - | পদোন্নতির মাধ্যমে। | ড্রাফটসম্যান ক্লাস ‘বি’ পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২৬ | হেড এ্যাসিসটেন্ট | - | পদোন্নতির মাধ্যমে। | উচ্চমান সহকারী (ইউডিএ) পদে ৫ (পাঁচ) বৎসর বা উচ্চমান সহকারী (ইউডিএ) পদে ৩ (তিন) বৎসরের চাকরিসহ সাকুল্যে ১৫ (পনেরো) বৎসরের চাকরি অথবা সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর পদে ২ (দুই) বৎসর বা সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর পদে ৩ (তিন) বৎসরের চাকরিসহ সাকুল্যে ১২ (বার) বৎসরের চাকরি। |
| ২৭ | সুপারভাইজার এফ/এস গ্রেড-১ | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) সুপারভাইজার এফ/এস গ্রেড-২ পদে ৯(নয়) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সিভিল (উড) বা সমমানের ডিপ্লোমা; এবং<br>(খ) আসবাবপত্র সংক্রান্ত কাজে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা। |
| ২৮ | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | ৩০ বৎসর | (ক) মোট পদের শতকরা ৭৫ (পঁচাত্তর) ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের শতকরা ২৫ (পঁচিশ) ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণিতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) তফসিল-২ ও তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৯ | ড্রাফটসম্যান ক্লাস ‘বি’ | ৩০ বৎসর | (ক) মোট পদের শতকরা ৫০ (পঞ্চাশ) ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের শতকরা ৫০ (পঞ্চাশ) ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>ড্রাফটসম্যান ক্লাস ‘সি’ পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণিতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) ড্রাফটসম্যানশিপে অন্যূন ১ (এক) বৎসরের কোর্স সম্পন্ন; এবং<br>(গ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ইনটেরিয়র ডেকোরেশন কোর্স এবং অটোক্যাড কোর্স সম্পন্ন। |
| ৩০ | উচ্চমান সহকারী (ইউডিএ) | ৩০ বৎসর | (ক) মোট পদের শতকরা ৭৫ (পঁচাত্তর) ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের শতকরা ২৫ (পঁচিশ) ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে ৬ (ছয়) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৩১ | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) তফসিল-২ ও তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩২ | ড্রাফটসম্যান ক্লাস'সি' | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ড্রাফটসম্যানশিপে অন্যূন ৬ (ছয়) মাসের কোর্স সম্পন্ন; এবং<br>(গ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অটোক্যাড কোর্স সম্পন্ন। |
| ৩৩ | লিফট মেকানিক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অন্যূন ৬ (ছয়) মাসের লিফট মেকানিক বা মেকানিক্যাল কোর্স সম্পন্ন। |
| ৩৪ | সুপারভাইজার এফ/এস গ্রেড-২ | - | পদোন্নতির মাধ্যমে। | স্টোরম্যান পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ৩৫ | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৩০বৎসর | (ক) মোট পদের শতকরা ২০ (বিশ) ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) ফটোকপি অপারেটর পদে ২ (দুই) বৎসর বা দপ্তরী পদে ৪ (চার) বৎসর অথবা অফিস সহায়ক পদে ৭(সাত) বৎসরের চাকরি; এবং |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | (খ) মোট পদের শতকরা ৮০ (আশি) ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | (খ) কম্পিউটার মুদ্রাক্ষরে শব্দের গতি প্রতি মিনিটে: (অ) বাংলায় ২০ (বিশ) শব্দ; এবং (আ) ইংরেজিতে ২০ (বিশ) শব্দ। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** (ক) কোনো স্বীকৃতবোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) MS word বা সমকার্যপোযোগী সফটওয়্যারে দক্ষতাসহ কম্পিউটার পরিচালনায় অন্যূন ১ (এক) বৎসরের অভিজ্ঞতা; এবং (গ) তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৬ | স্টোরম্যান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) MS word বা সমকার্যপোযোগী সফটওয়্যারে দক্ষতাসহ কম্পিউটার পরিচালনায় অন্যূন ১ (এক) বৎসরের অভিজ্ঞতা। |
| ৩৭ | লিফটম্যান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) লিফট অপারেটর হিসাবে ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৩৮ | এমটি ড্রাইভার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে হালকা মটরযান চালনার বৈধ লাইসেন্সসহ পেশাগত কাজে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা। |
| ৩৯ | ফটোকপি অপারেটর | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) দপ্তরী পদে অন্যূন ২(দুই) বৎসর বা অফিস সহায়ক পদে অন্যূন ৫(পাঁচ) বৎসর অথবা দপ্তরী ও অফিস সহায়ক উভয় পদে সাকুল্যে ৫(পাঁচ) বৎসরের চাকরি; এবং<br>(খ) ফটোকপি মেশিন চালনায় অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ফটোকপি মেশিন চালনার অভিজ্ঞতা;<br>(গ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(ঘ) তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪০ | দপ্তরী | - | পদোন্নতির মাধ্যমে। | অফিস সহায়ক পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ৪১ | অফিস সহায়ক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৪২ | নিরাপত্তা প্রহরী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;এবং<br>(খ) তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪৩ | মালি | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি বা কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট পেশাগত কাজে অভিজ্ঞতা। |
| ৪৪ | পরিচ্ছন্নতা কর্মী | ৩০ বৎসর | **সরাসরি নিয়োগের মাধ্যমে:**<br>তবে শর্ত থাকে যে, মোট পদের শতকরা ৮০ (আশি) ভাগ পদ জাত হরিজন সম্প্রদায়ের জন্য বরাদ্দ থাকিবে:<br>আরও শর্ত থাকে যে, জাত হরিজন সম্প্রদায়ের কোনো প্রার্থী পাওয়া না গেলে সংশ্লিষ্ট পদ সাধারণ প্রার্থীদের মধ্য হইতে পূরণ করা যাইবে। | কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি বা কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

**তফসিল-২**

**[তফসিল ১ এর ক্রমিক নং ২৮, ৩০ ও ৩১ দ্রষ্টব্য]**

সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর, উচ্চমান সহকারী (ইউডিএ) ও সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর, ইত্যাদি

| পরীক্ষার নাম | বিষয়ের নাম | মোট নম্বর | সর্ব নিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| লিখিত পরীক্ষা | ১। বাংলা | ২০ | শতকরা ৫০ (পঞ্চাশ) | ৯০ মিনিট |
| | ২। ইংরেজি | ২০ | | |
| | ৩। গণিত | ১৫ | | |
| | ৪। সাধারণ জ্ঞান | ১৫ | | |
| | মোট | ৭০ | | |
| মৌখিক পরীক্ষা | | ৩০ | | |
| | সর্বমোট | ১০০ | | |

**ব্যাখ্যা।**—(১) নিম্নবর্ণিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন, যথা:—

(ক) লিখিত পরীক্ষা; এবং

(খ) সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর এবং সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর পদের জন্য তফসিল ৩ এবং অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের জন্য তফসিল ৪ এ বর্ণিত পরীক্ষা।

(২) কম্পিউটারে Word processing, ই-মেইল, ফ্যাক্স মেশিন, ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা।

**তফসিল-৩**

[তফসিল-১ এর ক্রমিক নং ২৮ ও ৩১ দ্রষ্টব্য]

সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর এবং সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর পদে পদোন্নতি বা, ক্ষেত্রমত, সরাসরি নিয়োগ প্রার্থীদের সাঁটলিপি ও কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার নাম, গতি, নম্বর, ইত্যাদি

| পদের নাম | ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | বাংলায় সর্ব নিম্নগতি (প্রতি মিনিটে) | ইংরেজি পরীক্ষায় মোট নম্বর | বাংলা পরীক্ষায় মোট নম্বর | প্রতি বিষয়ে সর্বনিম্ন পাস নম্বর | গড় পাস নম্বর | ইংরেজি পরীক্ষার সময় | বাংলা পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|---|---|---|
| সাঁটলিপি | | | | | | | | |
| সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | ৮০ শব্দ | ৫০ শব্দ | ১০০ | ১০০ | শতকরা ৪০ (চল্লিশ) | শতকরা ৫০ (পঞ্চাশ) | ৫ মিনিট | ৫ মিনিট |
| সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | ৭০ শব্দ | ৪৫ শব্দ | ১০০ | ১০০ | শতকরা ৪০ (চল্লিশ) | শতকরা ৫০ (পঞ্চাশ) | ৫ মিনিট | ৫ মিনিট |
| কম্পিউটার মুদ্রাক্ষর | | | | | | | | |
| সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | ৩০ শব্দ | ২৫ শব্দ | ৫০ | ৫০ | শতকরা ৪০ (চল্লিশ) | শতকরা ৫০ (পঞ্চাশ) | ১০ মিনিট | ১০ মিনিট |
| সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | ৩০ শব্দ | ২৫ শব্দ | ৫০ | ৫০ | শতকরা ৪০ (চল্লিশ) | শতকরা ৫০ (পঞ্চাশ) | ১০ মিনিট | ১০ মিনিট |

**ব্যাখ্যা।**—(১) সাঁটলিপি নোট প্রতিলিপিকরণ (Transcribe) এর জন্য ৩০ (ত্রিশ) মিনিট সময় বরাদ্দ থাকিবে।

(২) শতকরা ৫ (পাঁচ) শতাংশের অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জন করে নাই বলিয়া গণ্য হইবে।

(৩) বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫ (পাঁচ) টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে।

(৪) সর্বনিম্ন গতিকে পাস নম্বর শতকরা ৪০ (চল্লিশ) শতাংশ হিসাবে গণ্য করা হইবে।

**তফসিল-৪**

[তফসিল-১ এর ক্রমিক নং ৩৫ দ্রষ্টব্য]

অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে পদোন্নতি বা, ক্ষেত্রমত, সরাসরি নিয়োগ প্রার্থীদের কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার নাম, গতি, নম্বর ইত্যাদি

| পরীক্ষার বিষয় | পরীক্ষার সময় | সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | মোট নম্বর | পাস নম্বর | গড় পাস নম্বর |
|---|---|---|---|---|---|
| ইংরেজি | ১০ মিনিট | ২০ শব্দ | ৫০ | শতকরা ৪০ (চল্লিশ) | শতকরা ৫০ (পঞ্চাশ) |
| বাংলা | ১০ মিনিট | ২০ শব্দ | ৫০ | শতকরা ৪০ (চল্লিশ) | |

**ব্যাখ্যা।**—(১) বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫ (পাঁচ) টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে।

(২) শতকরা ৫ (পাঁচ) শতাংশের অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জন করে নাই বলিয়া গণ্য হইবে।

(৩) সর্বনিম্ন গতিকে পাস নম্বর শতকরা ৪০ (চল্লিশ) শতাংশ হিসাবে গণ্য করা হইবে।

**তফসিল-৫**

[তফসিল-১ এর ক্রমিক নং ৩৯, ৪১ ও ৪২ দ্রষ্টব]

ফটোকপি অপারেটর, অফিস সহায়ক ও নিরাপত্তা প্রহরী পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার নাম, বিষয়, নম্বর, ইত্যাদি

| **পরীক্ষার নাম** | **বিষয়ের নাম** | **মোট নম্বর** | **সর্বনিম্ন পাস নম্বর** | **সময়** |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| লিখিত পরীক্ষা | ১। বাংলা | ২০ | শতকরা ৫০ (পঞ্চাশ) | ১ ঘণ্টা |
| | ২।ইংরেজি | ২০ | | |
| | ৩। গণিত | ২০ | | |
| | ৪। সাধারণ জ্ঞান | ১০ | | |
| | মোট | ৭০ | | |
| মৌখিক পরীক্ষা | | ৩০ | | |
| | সর্বমোট | ১০০ | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবু হেনা মোস্তফা কামাল,** এনডিসি
সিনিয়র সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd